

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার লেটার নং-১/২০০৭

তারিখঃ ১২/১২/২০০৭ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

একুইটি এন্ড অন্যান্য প্রাপ্যারশীপ ফান্ড (ইইএফ) ।

ইইএফ সার্কুলার নং-০৬ তারিখ-২৪/০৬/২০০২ এর ০৬.৪ নং অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে । উক্ত সার্কুলারের নির্দেশনা অনুসারে প্রকল্পের সমমূলধনে উদ্যোক্তার অংশের পরিপূর্ণ ব্যবহার নিশ্চিত হলে ইইএফ সহায়তার অর্থ বিনিয়োগ করার জন্য সংশ্লিষ্ট মনিটরিং ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ছাড় করা হয়ে থাকে ।

ইইএফ নীতিমালা ও প্রচলিত প্রথা অনুযায়ী মূল্যায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান সরেজমিনে প্রকল্প স্থান পরিদর্শন করে প্রকল্প সংশ্লিষ্ট দলিলপত্রাদি, আর্থিক লেনদেন এবং খরচের সমর্থনে ব্যাংক স্টেটমেন্ট ও ভাউচারসমূহ পরীক্ষা করে ইইএফ সহায়তার অর্থ ছাড়ের বিষয়ে মন্তব্যসহ ইইএফ ইউনিটে প্রতিবেদন প্রেরণ করে থাকে ।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, মনিটরিং ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অর্থ ছাড়ের জন্য সুপারিশ করা হলেও প্রকল্পের জমির রেজিস্ট্রেশন, নামজারী পর্চা, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস এর অফিসে শেয়ার ইস্যু সংক্রান্ত রেজিস্ট্রেশন ইত্যাদি যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা তা কোন কোন প্রতিবেদনে উল্লেখ করা হয়না । ইইএফ সহায়তার অর্থ ছাড়ের সুপারিশকল্পে নিম্নবর্ণিত বিষয়সমূহ পরীক্ষা করে ইইএফ ইউনিটে প্রেরিতব্য পত্রে মন্তব্য রাখার জন্য পুনঃপরামর্শ দেয়া যাচ্ছে :

- ০১) প্রকল্প ভূমির রেজিস্ট্রেশন প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে সংশ্লিষ্ট বালাম বহিতে ভুক্তি দেয়া হয়েছে কিনা ;
- ০২) প্রকল্প ভূমির নামজারী প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়েছে কিনা এবং নামজারী পর্চাসমূহ সঠিকভাবে সংশ্লিষ্ট সরকারী দফতরের রেজিস্ট্রারে ভুক্তি দিয়ে ইস্যু করা হয়েছে কিনা ;
- ০৩) প্রকল্প ভূমি সীমানা বেটনী দেয়া হয়েছে কিনা এবং মৌজা ম্যাপ অনুযায়ী প্রকল্পভুক্ত জমিতে উদ্যোক্তার দখলী স্বত্ত্ব বজায় রয়েছে কিনা ;
- ০৪) রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মসের অফিস কর্তৃক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সরকারের নামে ইস্যুকৃত শেয়ারসমূহ সংশ্লিষ্ট রেজিস্ট্রারে ভুক্তি দেয়া হয়েছে কিনা এবং ইস্যুকৃত শেয়ারসমূহের বিপরীতে Form-XII (Particulars of Directors) এবং Form-XV (Return of Allotment) যথাযথভাবে ইস্যু করা হয়েছে কিনা ;
- ০৫) কোম্পানীর নামে ব্যাংক হিসাব খোলা হয়েছে কিনা এবং কোম্পানী আইন মোতাবেক ব্যাংক হিসাবের মাধ্যমে লেন-দেন যথাযথভাবে পরিচালিত হচ্ছে কিনা ।

উল্লিখিত বিষয়াদি ছাড়াও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য দলিলপত্র, অডিট রিপোর্ট, হিসাবের ভাউচার ও ব্যাংক বিবরণীসহ হিসাবপত্র সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সরেজমিনে পরিদর্শনকালে পরীক্ষা করে দেখতে হবে ।

চলমান পাতা...২

উদ্যোক্তার বিনিয়োগ যাচাইকল্পে সরেজমিনে পরিদর্শনের সময় কোন মূল্যায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের মনিটরিং দায়িত্বের আওতায় ইইএফ সহায়তা প্রাপ্ত প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য বিষয়সমূহ পরীক্ষা করে না দেখে থাকলে অবিলম্বে তা যথারীতি সম্পাদন করে ইইএফ ইউনিটকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হ'ল।

এ পর্যন্ত জারিকৃত ইইএফ সার্কুলারে বর্ণিত অন্যান্য সকল শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

এই নির্দেশ অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট উদ্যোক্তাদের বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম, ফজলে রব)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১৬৩৬৫০